সংবাদ

তারিখ 14 MAY 2003
পৃষ্ঠা ১১ কলাম ৬



# যুক্তরাষ্ট্রে বাংলাদেশী ছাত্রীর বিরল সম্মান

যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত বাংলাদেশী ছাত্রী মাইশা তা: আশ্‌রুক রশীদ, দি ইউনাইটেড স্টেটস অ্যাচিভমেন্ট অ্যাকাডেমি কর্তৃক 'বিদেশী ভাষা' ক্ষেত্রে ইউনাইটেড স্টেটস ন্যাশনাল অ্যাওয়ার্ড উইনার হিসেবে মনোনীত হয়েছে। এর ফলে যুক্তরাষ্ট্রে জাতীয়ভাবে প্রকাশিত বাৎসরিক ইউনাইটেড স্টেটস অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড অফিসিয়াল ইয়ারবুকে মাইশার নাম ছাপা হবে।

অ্যাচিভমেন্ট অ্যাকাডেমি কর্তৃক নির্ধারিত নির্বাচন পদ্ধতির ভিত্তিতে মাইশার স্কুল শিক্ষক মার্গারিটা ডোনা তার নাম সুপারিশ করেন।

উল্লেখ্য, মাইশা নিউইয়র্কের এডওয়ার্ড মারো স্কুলে অধ্যয়ন করছে এবং শিক্ষা পর্যায়ে মেধা, নেতৃত্ব গুণাবলি, দায়িত্বশীলতা ও উদ্যমের ক্ষেত্রে অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়েছে।

মাইশা ঢাকার মোহাম্মদপুর নিবাসী বেগম আশরাফুন্নেসা ও মরহুম আবদুল আজিজ সরকারের নাতনি এবং জনাব ও বেগম হাতেম আলীর দৌহিত্রী এবং প্রকৌশলী মামুনুর রশীদ ও বেগম মমতাজ রেহানার একমাত্র মেয়ে।